গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মদন, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২৫৬.০০০.৩৪.০০১(অংশ-২).১৩-১৪৭(১০০) তারিখ ঃ ১৫.০২.২০১৮ খ্রিঃ

## ১৪২৫ বাংলা সনের জন্য উচিৎপুর নৌকা ঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

মদন উপজেলাধীন নিম্নতপছিল বর্ণিত উচিৎপুর নৌকা ঘাটটি ১৪২৫ বাংলা সনের ১লা বৈশাখ ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক ) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী পেশাদার পাটনীসহ সর্বসাধারনের নিকট থেকে সীলমোহরযুক্ত খামে কতিপয় শর্তাধীনে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রে সিডিউল বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়,সহকারী কমিশনার(ভূমি), মদন ও জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা হতে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের কার্যালয়ে রক্ষিত স্থানীয় সরকার শাখায় দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে। সকল দরপত্র একীভূত করে দরপত্র সমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) এ কার্যালয়ে খোলা হবে। দরপত্র সম্বলিত অন্যান্য শর্তাবলী সংশ্লিষ্ট কার্যালয় থেকে চলাকালীন সময়ে জানা যাবে।

দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ০৫.০৩.২০১৮খ্রিঃ রোজ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৬.০৩.২০১৮ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১.৪৫ ঘটিকা পর্যন্ত। | ০৬.০৩.২০১৮ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ৪.০০ ঘটিকা। | উল্লিখিত তারিখ অনুযায়ী কাঙ্খিত দর না পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্তকার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২১.০৩.২০১৮ খ্রিঃ রোজ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২২.০৩.২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১.৪৫ ঘটিকা পর্যন্ত। | ২২.০৩.২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত। | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ০৮.০৪.২০১৮ খ্রিঃ রোজ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৯.০৪.২০১৮খ্রিঃ রোজ সোমবার বেলা ১.৪৫ ঘটিকা পর্যন্ত। | ০৯.০৪.২০১৮ খ্রিঃ রোজ সোমবার বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত। | |

নৌকা ঘাটের বিবরণঃ

| ক্রমিক নং | ট্রলার ঘাটের নাম | ইউনিয়নের নাম | ১৪২৫ বাংলা সনের সম্ভাব্য ইজারামূল্য (বিগত তিন বছরের গড়+১০% অতিরিক্ত) | সিডিউল/দরপত্র মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১. | উচিৎপুর নৌকা ঘাট | মদন | ৯,৬৩,৬০০/- | ৫০০/- |

## ১৪২৫ বাংলা সনের নৌকা ঘাটের ইজারার দরপত্রের শর্তাবলী ঃ-

০১। ১লা বৈশাখ ১৪২৫ বাংলা হতে ৩০ চৈত্র ১৪২৫ বাংলা সন পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য নৌকা ঘাটের ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মদন এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

০৩। পেশাদার পাটনীদের প্রাপ্ত দর সম্ভাব্য মূল্যের চেয়ে কম হলে দ্বিতীয়বার হতে সর্বসাধারনের নিকট হতে দরপত্র আহবান করা হবে। এ ক্ষেত্রে পেশাদার পাটনীগন দরপত্র অংশ গ্রহণ করতে পারেন।

০৪। খামের উপর দরপত্র দাতার নাম ,ঠিকানা ও নৌকা ঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। সর্বোচ্চ দরপত্র দাতাকে দরপত্র দেয় দর গৃহীত হওয়ার পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নৌকাঘাটের অবশিষ্ট ৭৫% ভাগ ইজারা মূল্য এবং ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানতের ২৫% অর্থ বাজেয়াপ্ত করনসহ পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৬। ইজারাদারকে নিজ খরচে নির্ধারিত মূল্যে নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে চুক্তি সম্পাদনক্রমে নৌকাঘাটের দখল বুঝিয়ে নিতে হবে।

০৭। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাট অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হলে বা চুক্তিপত্রের শর্ত লংঘন করলে জামানত বাজেয়াপ্তসহ নৌকা ঘাটটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

০৮। নৌকাঘাটের যাত্রীদের উঠানামার জন্য ইজারদারকে নিজ খরচে ঘাটের ব্যবস্থা করতে হবে।

০৯। ইজাদারকে নৌকাঘাটের অনুমোদিত টোল আদায়ের হার নিজ খরচে প্রদর্শিত স্থানে টানিয়ে রাখতে হবে। অতিরিক্ত টোল আদায় করা হলে ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৫/০২/১৮

(মোঃ ওয়ালীউল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।
ফোন ঃ ০৯৫২৯-৫৬০০১